# AKASHVANI KOLKATA
# RNU: KOLKATA
# Bengali Text Bulletin

**Date 11-09-2026** **Time: 1.40 P.M.**

রাজ্য সরকার ইতিমধ্যেই একটি বিনিয়োগ-বান্ধব পরিবেশ তৈরি করতে সক্ষম হয়েছে, যেখানে জনপ্রতিনিধি, আমলা, পুলিশ এবং প্রশাসন সমন্বয় রেখে ইতিবাচক মনোভাব নিয়ে কাজ করছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। নিউ টাউনে আজ এক ফ্যাশন রিটেল সংস্থার উদ্যোগে বিশ্বের বৃহত্তম ওয়ারড্রোব উদ্বোধন অনুষ্ঠানে যোগ দিয়ে মুখ্যমন্ত্রী জানান, সংস্থাটি বর্তমানে পশ্চিমবঙ্গে ১১০টি স্টোর পরিচালনা করছে।

(বাইট – মুখ্যমন্ত্রী)

শুধু খুচরো ব্যবসা নয়, জ্বালানি ক্ষেত্রেও বড় বিনিয়োগের আশ্বাস মিলেছে বলে জানান মুখ্যমন্ত্রী। তাঁর দাবি, সংস্থার আগরওয়াল পরিবার পুরুলিয়ায় ১০০ একর জমি কিনে সৌরবিদ্যুৎ প্রকল্প গড়ে তুলছে। ভবিষ্যতে মোট ১,০০০ একর জমি অধিগ্রহণের পরিকল্পনাও রয়েছে।

তিনি আরও জানান, রাজ্য মন্ত্রিসভা ইতিমধ্যেই ৩৩টি শিল্প সংস্থাকে জমি বরাদ্দের অনুমোদন দিয়েছে। দুর্গাপুজোর আগেই একটি অনুষ্ঠানের মাধ্যমে সেই জমি আনুষ্ঠানিকভাবে শিল্পপতিদের হাতে তুলে দেওয়া হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

অপরিকল্পিতভাবে মালদা বিমানবন্দরের রানওয়ে উন্নীতকরণ ও সংস্কারের জন্য সরকারের ১৫ কোটি টাকারও বেশি অর্থ অপচয় হয়েছে বলে ক্যাগ জানিয়েছে। গতকাল বিধানসভার বিশেষ অধিবেশন, ২০২৪ সালের মার্চে মাসে শেষ হওয়া সময়কালের যে রিপোর্ট প্রকাশ করা হয়, সেখানে জানানো হয়েছে, ১৫ কোটি ২৭ লক্ষ টাকা ব্যয়ে ২০২৩-এর মার্চে এই কাজ শেষ হয়েছিল। অথচ পূর্ত দফতর এই কাজের

জন্য ৫৭ কোটি ৫০ লক্ষ টাকার একটি প্রকল্প রিপোর্ট তৈরি করে ২০১৭-র সেপ্টেম্বর মাসে কাজ শুরু করেছিল। কিন্তু এয়ারপোর্ট অথরিটি বিমানবন্দর সংলগ্ন ১৪-টি উঁচু ভবন, একটি টেলিফোন টাওয়ার, একটি হাইটেনশন বৈদ্যুতিক টাওয়ার ও বিমান বন্দরের সীমানা প্রাচীরের পেছনে থাকা রেলওয়ে ট্র্যাক সরানোর সুপারিশ করেও সরকারীভাবে তার কোন উদ্যোগ না নেওয়ায় বিমান বন্দরটি চালু করা যায়নি বলেও রিপোর্টে জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

নন্দীগ্রাম ও রেজিনগরে উপনির্বাচনের জন্য উচ্চমাধ্যমিকের তৃতীয় সেমেস্টারের পরীক্ষা পিছিয়ে যাচ্ছে। আগামি ৬ই অক্টোবর ঐ দুই আসনে উপনির্বাচন।

পূর্ব নির্ধারিত সূচি অনুযায়ী, ৫, ৬ ও ৭ অক্টোবর পরীক্ষা হওয়ার কথা ছিল তৃতীয় সেমেস্টারের। তা এক সপ্তাহ পিছিয়ে যাচ্ছে। পরীক্ষাগুলি হবে যথাক্রমে ১২, ১৩ এবং ১৪ই অক্টোবর। ওই দিনগুলিতে বেলা ১১ টা থেকে সাড়ে ১২টা পর্যন্ত পরীক্ষা নেওয়া হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম মেদিনীপুরের শালবনিতে ভুয়ো নথি বানিয়ে সরকারি জমি বিক্রি সংক্রান্ত মামলায় ধৃত তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক ব্যানার্জির আপ্তসহায়ক সুমিত রায়কে আজ মেদিনীপুর আদালতে তোলা হয়েছে। গতকাল CID তাকে গ্রেফতারের পর ভবানীভবনে নিয়ে যায়। সুপ্রিম কোর্টে গতকাল তার ‘রক্ষাকবচ’-এর মেয়াদ শেষ হওয়ার পরই, দক্ষিণ কলকাতার কালীঘাটে অভিষেকের বাড়ি থেকেই সুমিতকে গ্রেফতার করে পুলিশ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

নিউটাউনে স্বর্ণ ব্যাবসায়ী স্বপন কামিল্লা খুনে অভিযুক্ত বিডিও প্রশান্ত বর্মনকে গ্রেফতারে ব্যার্থতা নিয়ে পুলিশের ভুমিকায় ফের অসন্তোষ প্রকাশ করেছে কলকাতা হাইকোর্ট। অভিযুক্তকে প্রথমে কলকাতা হাইকোর্ট পরে সুপ্রিমকোর্ট, নিম্ন আদালতে আত্মসমর্পণ করতে নির্দেশ দিলেও ওই ব্যক্তি তা করেননি। পরে মদ্যপ অবস্থায় গাড়ি চালিয়ে গ্রেফতার হলেও জামিনে ছাড়া পেয়ে যান প্রশান্ত বর্মন। এরপরই কলকাতা হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের করেছিল একটি বেসরকারি সংগঠন।

সেই মামলাটি এদিন শুনানির জন্য প্রধান বিচারপতির বেঞ্চে উঠলে তিন সপ্তাহের মধ্যে রাজ্যের কাছে রিপোর্ট তলব করেছে প্রধান বিচারপতির বেঞ্চ।

ooooooooooooooooooooooo

অবৈধ ভাবে ভারতে প্রবেশের অভিযোগে ৪৭ জন বাংলাদেশি নাগরিককে পেট্রাপোল-বনাপোল সীমান্তের জিরো লাইন দিয়ে বাংলাদেশে ফেরত পাঠাল ভারত। সূত্রের খবর, ওই বাংলাদেশিরা বিভিন্ন সীমান্তপথে ভারতে প্রবেশ ক'রে দেশের বিভিন্ন রাজ্যে কাজ করছিলেন। পরে তাঁদের আটক করে ভারতীয় পুলিশ। বৃহস্পতিবার দুই দেশের সীমান্তরক্ষী বাহিনীর নিরাপত্তায় পেট্রাপোল-বনাপোল জিরো লাইনে তাঁদের বাংলাদেশের কর্তৃপক্ষের হাতে তুলে দেওয়া হয়।

ooooooooooooooooooooooo

মুর্শিদাবাদে গঙ্গা নদীর জলস্তর অস্বাভাবিকভাবে বৃদ্ধি পেয়ে বিপদসীমার অনেকটা উপর দিয়ে বইছে। ইতিমধ্যেই ধুলিয়ান, নিমতিতা, সামশেরগঞ্জে লাগাতার বৃষ্টি ও নদীর জলে বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে।

এদিকে ফরাক্কা ব্যারেজের ১০৯টি গেটের সবকটিই খুলে দেওয়া হয়েছে।

গত কয়েকদিন ধরে লাগাতার পদ্মার শাখা নদীর জলস্তর বৃদ্ধি পাওয়ায় আখরিগঞ্জ পঞ্চায়েতের নির্মলচর, জলঙ্গীর চর, পরাশপুর ও উদয়নগর খণ্ড কলোনির বিঘার পর বিঘা কৃষিজমি জলে ডুবে গিয়েছে। অন্যদিকে বন্যার জল নামতেই ভরতপুর-১ ব্লক ও বড়ঞাায় হেক্টরের পর হেক্টর জমির ক্ষতিগ্রস্ত আমন ধানের চারা নষ্ট চারা হয়েছে। সমূহ ক্ষতির মুখে পড়েছেন ১০ টির বেশি মৌজার চাষিরা।

ooooooooooooooooooooooo

গঙ্গাসাগরের কপিলমুনি আশ্রম, কচুবেড়িয়া সহ বিভিন্ন ভাঙন কবলিত এলাকা আজ পরিদর্শন করবেন রাজ্যের সেচ ও বিপর্যয় মোকাবিলা দফতরের আধিকারিক ও জনপ্রতিনিধিদের একটি প্রতিনিধি দল। এই দলে থাকবেন সেচ দফতরের মন্ত্রী অরূপ দাস, সুন্দরবন বিষয়ক প্রতিমন্ত্রী

দীপঙ্কর জানা, সেচ ও বিপর্যয় মোকাবিলা দফতরের প্রধান সচিব এবং সাগরের বিধায়ক সুমন্ত মণ্ডল। বিশেষ করে সেচ ব্যবস্থা, নদী ও সমুদ্রের ভাঙন এবং বিপর্যয় মোকাবিলার প্রস্তুতি নিয়ে পর্যালোচনা করা হতে পারে বলে জানা গিয়েছে। প্রশাসনিক সূত্রে খবর, পরিদর্শনের সময় সংশ্লিষ্ট আধিকারিকদের সঙ্গে নিয়ে এলাকার বিভিন্ন সমস্যার বিষয়ে বিস্তারিত আলোচনা করবেন প্রতিনিধিরা।

oooooooooooooooooooooo

জরুরী রক্ষণাবেক্ষণ ও সংস্কারের কাজের জন্য আগামী পাঁচদিন, দুর্গাপুর ব্যারেজের ওপর দিয়ে প্রতিদিন রাত ১১ টা থেকে ভোর চারটে পর্যন্ত যান চলাচল সম্পূর্ণ বন্ধ থাকবে।

জেলা প্রশাসন জানিয়েছে, আজ থেকে আগামী মঙ্গলবার ১৫'ই সেপ্টেম্বর পর্যন্ত এই নির্দেশ বলবৎ থাকবে। ব্যারেজের লক গেটের ১৪ টি যন্ত্রাংশ বদল ও মেরামতির কাজের জন্যই এই ট্রাফিক ব্লকের সিদ্ধান্ত। তবে অ্যাম্বুলেন্স ও জরুরী পরিষেবার গাড়িকে বিশেষ ছাড় দেওয়া হয়েছে।

এই পাঁচদিন বিকল্প রাস্তা হিসেবে বাঁকুড়া থেকে দুর্গাপুর ও কলকাতাগামী গাড়িগুলিকে মেজিয়া ও রানীগঞ্জ দিয়ে পাঠানো হবে। অন্যদিকে দুর্গাপুর থেকে আসা গাড়িগুলি বেলিয়াতোড় ও সোনামুখী হয়ে বাঁকুড়া ও বর্ধমানের দিকে যেতে পারবে।

oooooooooooooooooooooo

সপ্তাহের শেষ কাজের দিনে আজ, দেশজুড়ে ব্যাঙ্ক ধর্মঘট পালিত হচ্ছে। এরফলে মাসের দ্বিতীয় শনিবার ও রবিবার মিলিয়ে টানা তিনদিন ব্যাঙ্ক পরিষেবা বন্ধ থাকবে। ব্যাঙ্ক কর্মী আধিকারিকদের সাতটি সংগঠনের যৌথ মঞ্চ- 'ইউনাইটেড ফোরাম অফ ব্যাঙ্ক ইউনিয়ন্স'-UFBU, দীর্ঘদিন ধরে সপ্তাহে ২ দিন ছুটি এবং কাজের ভিত্তিতে উৎসাহভাতার নীতি বদল সহ একাধিক দাবি জানিয়ে আসছে। ইতিমধ্যেই চার দফা দাবি কেন্দ্রের কাছে পেশ করেছে তারা। সপ্তাহে ২ দিন ছুটির প্রতিশ্রুতি দেওয়া হলেও

তা কার্যকর হয়নি বলে সংগঠনের অভিযোগ। এর প্রেক্ষিতেই আজ ব্যাঙ্ক ধর্মঘটের সিদ্ধান্ত।

এদিকে, একটানা তিনদিন কাজকর্ম বন্ধ থাকায়, ATM পরিষেবা ব্যাহত হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

oooooooooooooooooooooo

আজ ১১ই সেপ্টেম্বর। ১৮৯৩ সালের আজকের দিনেই আমেরিকার শিকাগোয় আয়োজিত বিশ্বধর্ম সম্মেলনে ভারতের প্রতিনিধিত্ব করে সনাতন হিন্দুধর্ম ও ভারতীয় দর্শনের বার্তা তুলে ধরেছিলেন স্বামী বিবেকানন্দ। স্বামীজির সেই ঐতিহাসিক ভাষণ বিশ্বমঞ্চে ভারতীয় সংস্কৃতি ও সার্বজনীন ভ্রাতৃত্ববোধের ভাবমূর্তিকে এক অনন্য উচ্চতায় প্রতিষ্ঠিত করে।

যথাযোগ্য মর্যাদায় ঐতিহাসিক শিকাগো বক্তৃতার দিনটি রাজ্য তথা দেশ জুড়ে স্মরণ করা হচ্ছে। রামকৃষ্ণ মিশনের তরফে'ও দিনটি মর্যাদার সঙ্গে স্মরণ করা হচ্ছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সামাজিক মাধ্যমে এক বার্তায়, শিকাগোয় বিশ্বধর্ম মহাসভায় স্বামীজির দেওয়া ঐতিহাসিক ভাষণের কথা স্মরণ করেছেন।

oooooooooooooooooooooo

চন্দননগরের ফরাসি ঐতিহ্যকে নতুন ক'রে তুলে ধরতে তিন দিনব্যাপী বিশেষ অনুষ্ঠান "বঁজু চন্দননগর" আজ শুরু হচ্ছে। রাজ্য সরকারের পর্যটন দফতর এবং ভারতে ফ্রান্সের দূতাবাসের যৌথ উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠান চলবে ১৩ সেপ্টেম্বর পর্যন্ত। এই উপলক্ষ্যে ঐতিহ্যশালী স্ট্র্যান্ড রোড সংলগ্ন রেজিস্ট্রি বিল্ডিং-এর বহু-প্রতীক্ষিত সংস্কারকাজ এবং পুনর্নির্মাণ কাজের সূচনাও হবে। এদিন, দুপুর দুটোয় সেন্ট জোসেফ কনভেন্ট অডিটোরিয়ামে অনুষ্ঠানে উপস্থিত থাকবেন পর্যটন মন্ত্রী শঙ্কর ঘোষ এবং ভারতে নিযুক্ত ফরাসি রাষ্ট্রদূত থিয়েরি ম্যাথু সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ।

এদিকে, পর্যটন দফতরের উদ্যোগে স্ট্র্যান্ডের বিস্তীর্ণ অংশে প্যারিসের রাস্তার পরিবেশ তৈরি করা হয়েছে। থাকছে আলোকসজ্জা, বিশেষ নকশার অস্থায়ী কাঠামো,

ইউরোপীয় ধাঁচের দোকান এবং ক্যাফের আবহ। চন্দননগরের বিশ্বখ্যাত আলোকশিল্পকেই এক্ষেত্রে প্রধান আকর্ষণ হিসেবে ব্যবহার করা হচ্ছে। স্ট্র্যান্ডে বসছে ফরাসি ও অন্যান্য ইউরোপীয় খাবারের স্টল। পাশাপাশি থাকছে ভারতীয় খাবারের ব্যবস্থাও। সন্ধ্যায় আয়োজন করা হবে সঙ্গীতানুষ্ঠান ও বিভিন্ন সাংস্কৃতিক পরিবেশনা। গঙ্গার ধারে বিশেষ গঙ্গা আরতিরও পরিকল্পনা রয়েছে।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo